

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং : ৮০.০০.০০০০.১০৮.১১.০৩৭.১৭ - ৮৫

তারিখ : ২২ এপ্রিল, ২০১৮

বিষয় : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর ১ম শ্রেণির জুনিয়র ইন্সট্রাক্টর (রেডিও কমিউনিকেশন) এবং জুনিয়র ইন্সট্রাক্টর (ফিস প্রসেসিং) এর শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষা অনুষ্ঠান প্রসংগে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর ১ম শ্রেণির জুনিয়র ইন্সট্রাক্টর (রেডিও কমিউনিকেশন) এবং জুনিয়র ইন্সট্রাক্টর (ফিস প্রসেসিং) এর শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের ৩ ঘন্টা ব্যাপী ২০০ নম্বরের (বাংলা-৫০, ইংরেজি-৫০, সাধারণজ্ঞান-৪০ এবং সংশ্লিষ্ট প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়-৬০) লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে উল্লিখিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে :

কেন্দ্রের নাম	পদের নাম	লিখিত পরীক্ষার তারিখ ও সময়	
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (নিচ তলা), আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।	জুনিয়র ইন্সট্রাক্টর (রেডিও কমিউনিকেশন) (৯ম গ্রেড)	জুনিয়র ইন্সট্রাক্টর (ফিস প্রসেসিং) (৯ম গ্রেড)	০৯ মে, ২০১৮ খ্রিঃ রোজ - বুধবার বেলা ১:০০ থেকে বিকাল ৪:০০ ঘটিকা

পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী :

১. পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২(দুই) ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।
২. বিশেষভাবে উল্লেখ্য, প্রার্থীকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও প্রাসঙ্গিক টেকনিক্যাল-রেডিও কমিউনিকেশন (জুনিয়র ইন্সট্রাক্টর-রেডিও কমিউনিকেশন পদের জন্য) এবং বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও প্রাসঙ্গিক টেকনিক্যাল-ফিস প্রসেসিং (জুনিয়র ইন্সট্রাক্টর-ফিস প্রসেসিং পদের জন্য) বিষয়াদির ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে। উত্তরপত্রে বিষয় কোড ভুল লিখলে বা পূরণ করলে বা এক বিষয়ের উত্তরপত্রে অন্য বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
৩. পরীক্ষার্থীকে কালো কালির কলম বা বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষা কেন্দ্রে বইপুস্তক, ব্যাগ, যে কোন প্রকার ঘড়ি, মোবাইল ফোন বা যে কোন প্রকার যোগাযোগ যন্ত্র কোনক্রমেই সাথে আনা বা ব্যবহার করা যাবে না। পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর (সাইন্টিফিক ক্যালকুলেটর নয়) ব্যবহার করা যাবে। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাঞ্ছনীয়।
৪. পরীক্ষা কেন্দ্রে কোনো প্রকার অসাদু পছন্দ অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে কোন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে। পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন।
৫. কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
৬. এ পদের প্রার্থীদের আবেদনপত্র অনলাইনে গ্রহণ করা হয়েছে। অনলাইনে আবেদনকারী প্রার্থীগণ স্ব স্ব প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের (www.bpsc.gov.bd) এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর (<http://bpsc.teletalk.com.bd>) ওয়েব সাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করবেন। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
৭. এই বিজ্ঞপ্তি কমিশনের (www.bpsc.gov.bd) ওয়েব সাইট এবং কমিশনের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

[পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)

১৭৭
২২-০৪-২০১৮